# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ আহল বাইত, সাহাবী-তাবিয়ী ও উম্মাত

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

১৪. সাহাবীগণের বা উম্মতের মতভেদ রহমত

একটি অতি প্রচলিত ও প্রসিদ্ধ ‘হাদীস’:

اِخْتِلاَفُ أُمَّتِيْ (اختلاف العلماء) رَحْمَةٌ

‘‘আমার উম্মতের ইখতিলাফ (মতবিরোধ) রহমত (করুণা)’’।

কখনো বলা হয়: ‘‘আলিমদের ইখতিলাফ রহমত’’ এবং কেউ বলেন: ‘আমার সাহাবীগণের ইখতিলাফ রহমত।’ মুহাদ্দিসগণ ঘোষণা করেছেন যে, এ বাক্যটি হাদীস হিসাবে সমাজে বহুমুখে প্রচারিত হলেও কোনো হাদীসের গ্রন্থে এ হাদীসটি সনদসহ পাওয়া যায় না। কোনো সহীহ, যয়ীফ বা জাল সনদেও এ কথাটি বর্ণিত হয় নি। সনদবিহীনভাবে অনেকেই বিভিন্ন গ্রন্থে এ বাক্যটিকে হাদীস হিসাবে উল্লেখ করেছেন। আল্লামা সুবকী বলেছেন: ‘‘মুহাদ্দিসগণের কাছে এটি হাদীস বলে পরিচিত নয়। আমি এ হাদীসের কোন সনদ-ই পাই নি, সহীহ, যয়ীফ বা বানোয়াট কোন রকম সনদই এ হাদীসের নেই।’’[1]

ইখতিলাফ বা মতভেদ মূলত নিন্দনীয়। কোনো কোনো ক্ষেত্রে তা অনুমোদিত বা প্রশংসিত হতেও পারে। আমরা ইখতিলাফের প্রশংসায় বা নিন্দায় অনেক কিছু বলতে পারি। কিন্তু কোনো অবস্থাতেই রাসূলুল্লাহ (ﷺ)-এর নামে এ কথাটি বলতে পারি না; কারণ তা সনদহীন ভিত্তিহীন কথা।

## ফুটনোট

[1] মোল্লা কারী, আল-আসরার, ৫১ পৃ, সুয়ূতী, আল-জামি আস সগীর ১/১৩, আলবানী, যায়ীফাহ ১/১৪১, নং ৫৭, যায়ীফুল জামিয় ৩৪ পৃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4856

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন